



ঞ্চপ ৪ ও ১০ এর অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক করণীয় নির্দেশাবলী

ডিজিএফআই এর নিকট হতে ঞ্চপ ৪ ও ১০ এর অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর এবং নথিপত্র সঠিকতা যাচাইয়ের পর সরবরাহকারী প্রতিষ্ঠান'কে অনধিক ০৫ কার্যদিবসের মধ্যে তালিকাভূক্তি ফি এবং ১৫% ভ্যাট চার্জ বাবদ $৫,০০০.০০ + ৭৫০.০০ = ৫,৭৫০.০০$ টাকা এবং নিরাপত্তা জামানত বাবদ সশ্রম বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য ও তাদের স্বামী/স্ত্রী এবং কর্মরত সদস্যের স্ত্রী/স্বামী এর জন্য অতিরিক্ত আরও ১,০০,০০০.০০ এবং বেসামরিক ব্যক্তিবর্গের জন্য অতিরিক্ত আরও ৪,০০,০০০.০০ টাকার পে-অর্ডার (মহাপরিচালক, প্রতিরক্ষা ত্রয় মহাপরিদণ্ডের অনুকূলে) জমা করার জন্য পত্র দেওয়া হবে এবং পে-অর্ডার প্রাপ্তি সাপেক্ষে অনধিক ০৪ কার্যদিবসের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে তালিকাভূক্তির কার্যক্রম গ্রহণ করা হবে। তবে তালিকাভূক্তি ফি ও নিরাপত্তা জামানতের অর্থের পরিমাণ পুনঃ নির্ধারিত হলে পুনঃ নির্ধারিত অর্থই জমা করতে হবে।


মোস্তাকিম আহমেদ অনি
মেজুম
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ত্রয় মহাপরিদণ্ডের



অঙ্গীকারনামা

আমি
গ্রাম _____
থানা _____
মেসার্স _____
প্রতিষ্ঠানের পক্ষে এই মর্মে অংগীকার করছি যে,

পিতা/স্বামী
ডাকঘর _____
জেলা _____
এর মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে আমার
প্রতিষ্ঠানের পক্ষে এই মর্মে অংগীকার করছি যে,

১। আমার প্রতিষ্ঠান ডিজিডিপি'তে তালিকাভুক্ত হলে আমি ডিজিডিপি'র বর্তমানে প্রচলিত সকল আইন, নিয়ম, বিধি-বিধান সমূহ মেনে চলতে বাধ্য থাকব। আমি আরো অংগীকার করছি যে, সরবরাহ কিংবা অন্য কোন অনিয়মের কারণে ডিজিডিপি কর্তৃক আমার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইন, নিয়ম ও বিধানানুযায়ী কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হলে, আমার প্রতিষ্ঠান তা মেনে নিবে।

২। আমি অবগত আছি যে, ডিজিডিপি'র দরপত্র ও চুক্তিপত্রের শর্তাবলী Form DP-35 (Revised 1960), Government of the people's Republic of Bangladesh, Ministry of Defence, Directorate General Defence Purchase, General Conditions Governing Contracts, Letter No. 1557/40/DGDP/Coord, 1961, Government of the people's Republic of Bangladesh, Ministry of Defence, ডিজিডিপি'র দরপত্র ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী এবং ডিজিডিপি কর্তৃক প্রদত্ত নির্দেশাবলী মোতাবেক নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়। আমার প্রতিষ্ঠান ডিজিডিপি'র তালিকাভুক্ত সরবরাহকারী হিসেবে আমি উল্লিখিত বিধি-বিধান ও কার্যপদ্ধতি যথাযথ ভাবে অনুসরণ করে দরপত্রে অংশগ্রহণ, চুক্তিপত্রে স্বাক্ষরসহ সরবরাহ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে দায়বদ্ধ থাকব।

৩। আমি আরো অংগীকার করছি যে, উপরোক্ত বিধি-বিধান ও কার্যপদ্ধতি ছাড়াও ভবিষ্যতে সরকারী নিয়মের আওতায় ডিজিডিপি কর্তৃক যেসব নতুন বিধি-বিধান প্রচলন করা হবে আমি তাও মেনে চলতে বাধ্য থাকব; অন্যথায় আমি আমার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করার জন্য আবেদন করব। আমি এই মর্মে ঘোষণা করছি যে, দরপত্র দাখিল ও চুক্তিপত্র সম্পাদনে আমি ন্যায় নীতির আশ্রয় নিব এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী তথা দেশের স্বার্থ বিরোধী কোন কার্যকলাপে অংশ গ্রহণে বিরত থাকব বলে অংগীকারারবদ্ধ।

৪। আমি এই মর্মে ঘোষণা করছি যে, আমার উপর নির্ভরশীল পরিবারের অন্য কোন সদস্যের ব্যবসা প্রতিষ্ঠান ডিজিডিপি'তে বর্তমানে তালিকাভুক্ত নাই বা ভবিষ্যতেও তালিকাভুক্ত হবে না।

৫। অত্র অংগীকার নামায় আমি বেচচায়, স্ব-জ্ঞানে, সুস্থ্য শরীরে ও অন্যের বিনা প্ররোচনা ব্যতিত নিম্নবর্ণিত স্বাক্ষীন্দ্রয়ের উপস্থিতিতে নিজ নাম স্বাক্ষর ও আমার প্রতিষ্ঠানের সাধারণ সীলনোহর প্রদান করলাম।

সীলনোহরসহ অংগীকার প্রদানকারীর স্বাক্ষর

তারিখঃ

১নং স্বাক্ষী (অংগীকার প্রদানকারীর পক্ষে)

স্বাক্ষরঃ _____

নামঃ _____

স্বায়ী ঠিকানাঃ _____

বর্তমান ঠিকানাঃ _____

২নং স্বাক্ষী (ডিজিডিপি'র পক্ষে)

স্বাক্ষরঃ _____

নামঃ _____

স্বায়ী ঠিকানাঃ _____

বর্তমান ঠিকানাঃ _____

মোস্তাকিম আহমেদ অনি
মেজর
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)
প্রতিরক্ষা ক্ষয় মহাপরিদণ্ডন